গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ
(এনটিআরসিএ)

## ১৫ জানুয়ারি, ২০২৩ তারিখে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির ৩য় সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | মোঃ এনামুল কাদের খান<br>চেয়ারম্যান (অতিরিক্ত সচিব), এনটিআরসিএ |
| সভার তারিখ | ১৫ জানুয়ারি, ২০২৩ |
| সভার সময় | বেলা ১২.০০ টা |
| স্থান | এনটিআরসিএ'র সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট-'ক' |

সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি আলোচ্য বিষয় অনুযায়ী সভা শুরু করার জন্য জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও উপপরিচালক (প্রশাসন ও অর্থ)- কে অনুরোধ জানান। ফোকাল পয়েন্ট সভাকে অবহিত করেন যে, বিগত ২০ অক্টোবর, ২০২২ তারিখে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির ২য় ত্রৈমাসিক সভার সকল সিদ্ধান্ত ইতোমধ্যে বাস্তবায়ন করা হয়েছে এবং এ সংক্রান্ত বাস্তবায়ন-অগ্রগতি প্রতিবেদন প্রশাসনিক মন্ত্রণালয়ে গত ০৪ জানুয়ারি, ২০২৩ তারিখে প্রেরণ করা হয়েছে। অত:পর তিনি পাওয়ার পয়েন্টের মাধ্যমে সভার আলোচ্য সূচি অনুযায়ী জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর বাস্তবায়ন-অগ্রগতি উপস্থাপন করেন।

সভায় আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্র: নং | গৃহীত কার্যক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নের দায়িত্ব |
|---|---|---|---|---|

| | | | | |
|---|---|---|---|---|
| ১. | প্রাতিষ্ঠানিক ব্যবস্থা সম্পর্কিত আলোচনা। | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২২-২০২৩ অর্থবছরে প্রাতিষ্ঠানিক ব্যবস্থা কার্যক্রমে নৈতিকতা কমিটির সভা আয়োজন, নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন, সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের(stakeholders) অংশগ্রহণে সভা, শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন এবং কর্ম-পরিবেশ উন্নয়ন (পরিষ্কার পরিচ্ছন্নতা বৃদ্ধি/ মহিলাদের জন্য পৃথক ওয়াশরুমের ব্যবস্থা করা) বিষয়ক কার্যক্রম অন্তর্ভুক্ত রয়েছে।<br>কর্মপরিকল্পনা অনুযায়ী কোয়ার্টারভিত্তিক সকল কার্যক্রম গ্রহণ করা হয়েছে। সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে সভা আয়োজন করা হয়েছে। লক্ষ্যমাত্রা অনুযায়ী ৩য় কোয়ার্টারে ০১টি সভা আয়োজন করতে হবে। ৩য় কোয়ার্টারে শুদ্ধাচার সংক্রান্ত ০১টি প্রশিক্ষণ আয়োজন করতে হবে। এনটিআরসিএ অফিসের পরিস্কার-পরিচ্ছন্নতা নিশ্চিত করার মাধ্যমে কর্ম-পরিবেশ উন্নতকরণে গৃহীত কার্যক্রম অব্যাহত রাখা করা যেতে পারে। | (ক) জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের কোয়ার্টারভিত্তিক লক্ষ্যমাত্রা অনুযায়ী কার্যক্রম অব্যাহত রাখতে হবে এবং ৩য় ত্রৈমাসিক প্রতিবেদন প্রমাণকসহ যথাসময়ে মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে।<br>(খ) এনটিআরসিএ'র কার্যালয়ে পরিস্কার পরিচ্ছন্নতা কার্যক্রম বাস্তবায়ন প্রতিবেদন সহকারী পরিচালক, প্রশাসন (ক্রয় ও সেবা) দাখিল করবেন এবং দাখিলকৃত প্রতিবেদন ফোকাল পয়েন্ট কর্মকর্তা সত্যায়ন করবেন। | প্রশাসন ও অর্থ অনুবিভাগ, এনটিআরসিএ |
| ২. | আর্থিক ব্যবস্থাপনা উন্নয়ন সম্পর্কিত আলোচনা। | ২০২২-২৩ অর্থবছরের ক্রয় পরিকল্পনা অনুযায়ী ক্রয় কার্য চলমান রয়েছে। ক্রয় পরিকল্পনা অনুযায়ী শতভাগ ক্রয় কার্য সম্পাদনের কাজ অব্যাহত রাখতে হবে মর্মে সভায় সদস্যগণ মত প্রকাশ করেন। এনটিআরসিএ'র ২০২২-২৩ অর্থবছরের বাজেট অনুযায়ী ২য় কোয়ার্টারে ২১% বাজেট বাস্তবায়ন সম্ভব হয়েছে। উল্লেখ্য লক্ষ্যমাত্রা অনুযায়ী বাজেট বাস্তবায়ন করতে পারলে পূর্ণ নম্বর পাওয়া যাবে। ৮৫% এর কম বাজেট বাস্তবায়িত হলে কোন নম্বর পাওয়া যাবে না। সে আলোকে শতভাগ বাজেট বাস্তবায়নের লক্ষ্যে কার্যক্রম অব্যাহত রাখা যেতে পারে। | ২০২২-২৩ অর্থবছরের ক্রয় পরিকল্পনা অনুযায়ী ক্রয় কার্যক্রম শতভাগ সম্পন্ন করার উদ্যোগ গ্রহণ করতে হবে এবং বার্ষিক ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রতিবেদনে নৈতিকতা কমিটির সভাপতির প্রতিস্বাক্ষর গ্রহণ করতে হবে। | সচিব, এনটিআরসিএ ও সহকারী পরিচালক, প্রশাসন (ক্রয় ও সেবা)। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩. | শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধ সহায়ক অন্যান্য কার্যক্রম সম্পর্কিত আলোচনা। | এনটিআরসিএ কর্তৃক গৃহীত শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধ সহায়ক কার্যক্রমের অংশ হিসেবে স্বচ্ছতা নিশ্চিতকরণের লক্ষ্যে অনলাইনে শিক্ষক নিবন্ধন সনদ যাচাই-এর প্রতিবেদন নিয়মিত ওয়েবসাইটে প্রকাশ করা হচ্ছে। লক্ষ্যমাত্রা অনুযায়ী ৩য় কোয়ার্টারে এনটিআরসিএ কর্তৃক সুপারিশকৃত শিক্ষকদের কর্মদক্ষতা সরেজমিনে পরিদর্শন করা যেতে পারে। এনটিআরসিএ'র কর্মকর্তা ও কর্মচারিদের ডিজিটাল হাজিরা চালু করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। সরকারি যানবাহন যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের লক্ষ্যে যে সকল কর্মকর্তা গাড়ি ক্রয়ের জন্য সুদমুক্ত ঋণ পেয়েছেন এবং গাড়ি ক্রয় করেছেন তারা যাতে অফিসের গাড়ি ব্যবহার না করেন তা নিশ্চিতকরণ এবং টিওএন্ডইভুক্ত যানবাহনসমূহ বিধি মোতাবেক ব্যবহার করা হচ্ছে কিনা এ সম্পর্কে যানবাহন শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা প্রতিমাসে প্রত্যয়নপত্র দাখিল করবেন এবং উক্ত শাখার নিয়ন্ত্রণাকারী অনুবিভাগ প্রধান প্রত্যয়নপত্র প্রতিস্বাক্ষর করবেন মর্মে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২২-২৩ এ উল্লেখ রয়েছে। উক্ত নির্দেশনা প্রতিপালনের জন্য এনটিআরসিএ'র সহকারী পরিচালক (যানবাহন)-কে দায়িত্ব প্রদান করা যেতে পারে। | (ক) এনটিআরসিএ কর্তৃক সুপারিশকৃত শিক্ষকদের কর্মদক্ষতা সরেজমিনে পরিদর্শন করতে হবে।<br><br>(খ) এনটিআরসিএ কার্যালয়ের যে সকল কর্মকর্তা গাড়ি ক্রয়ের জন্য সুদমুক্ত ঋণ পেয়েছেন এবং গাড়ি ক্রয় করেছেন তারা যাতে অফিসের গাড়ি ব্যবহার না করেন, তা নিশ্চিত করতে হবে। টিওএন্ডইভুক্ত যানবাহনসমূহ বিধি মোতাবেক ব্যবহার করা হচ্ছে কিনা এ সম্পর্কে এনটিআরসিএ'র যানবাহন শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা প্রতিমাসে প্রত্যয়নপত্র দাখিল করবেন এবং উক্ত শাখার নিয়ন্ত্রণাকারী অনুবিভাগ প্রধান প্রত্যয়নপত্র প্রতিস্বাক্ষর করবেন। | সচিব, এনটিআরসিএ, সহকারী পরিচালক (যানবাহন) ও ফোকাল পয়েন্ট। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

EKhan

মোঃ এনামুল কাদের খান
চেয়ারম্যান (অতিরিক্ত সচিব), এনটিআরসিএ

স্মারক নম্বর: ৩৭.০৫.০০০০.০০৯.৬১.০০১.২০.৫৭

তারিখ: ১৫ মাঘ ১৪২৯
২৯ জানুয়ারি ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সদস্য (প্রশাসন ও অর্থ ), সদস্য (প্রশাসন ও অর্থ) এর দপ্তর, বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)

২) সদস্য (পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন) , সদস্য (পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন) এর দপ্তর , বেসরকারি শিক্ষক নিবন্ধন ও

প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)
৩) সদস্য (শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান) (অতিরিক্ত দায়িত্ব), সদস্য (শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান) এর দপ্তর , বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)
৪) পরিচালক (শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান), পরিচালক (শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান) এর দপ্তর , বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)
৫) উপপরিচালক (প্রশাসন ও অর্থ), উপপরিচালক (প্রশাসন ও অর্থ) এর দপ্তর , বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)
৬) উপপরিচালক (পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন), উপপরিচালক (পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন) এর দপ্তর , বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)
৭) উপপরিচালক (শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান), উপপরিচালক (শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান) এর দপ্তর , বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)
৮) সহকারী পরিচালক (পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন-১), বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)
৯) সহকারী পরিচালক (প্রশাসন), উপপরিচালক (প্রশাসন ও অর্থ) এর দপ্তর , বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)
১০) সহকারী পরিচালক (শিক্ষা তত্ত্ব ও শিক্ষা মান-১) , উপপরিচালক (শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান) এর দপ্তর , বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)
১১) পি.এ টু চেয়ারম্যন , চেয়ারম্যান এর দপ্তর , বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)

মোঃ ওবায়দুর রহমান
সচিব (উপসচিব), এনটিআরসিএ